

2 0 1 7

ELECTIVE BENGALI

Full Marks : 60

Time : 3 hours

The figures in the margin indicate full marks
for the questions

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

১×৭=৭

(ক) 'সহচর অঙ্গে গোরা অঙ্গ হেলাইয়া' পদটি বৈষ্ণব পদাবলির
কোন পর্যায়ের অন্তর্গত ?

(খ) "অভিনব হেম কল্পতরু সঞ্চর
সুরধুনী-তীরে উজ্জোর।"

'সুরধুনী' বলতে কাকে বোঝানো হয়েছে ?

(গ) নবদ্বীপে পড়লে পড়ুয়ারা কি পায় ?

(i) কৃষ্ণভক্তি

(ii) বিদ্যারস

(iii) ব্যবহাররস

(iv) গোবিন্দরস

(ঘ) গৌরাঙ্গের মায়ের নাম কি ?

(ঙ) 'ঘরের বাহিরে দণ্ডে শতবার' পদটির রচয়িতা কে ?

(চ) "মন্দির-বাহির কঠিন কপাট।
চলহিতে শঙ্কিল _____ বাট ॥"
(শূন্যস্থান পূর্ণ কর)

(ছ) নবদ্বীপে কোন্ অধ্যাপক শিরোমণির কাছে নিমাই ব্যাকরণশাস্ত্র অধ্যয়ন করেছিলেন ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৪=৮

(ক) চণ্ডীদাস ও বিদ্যাপতি বৈষ্ণব পদাবলির কোন্ কোন্ পর্যায়ের শ্রেষ্ঠ পদকার হিসাবে পরিচিত ?

(খ) শ্রীহট্টে জয়গ্রহণকারী দুজন চৈতন্যপরিকরের নাম লেখ।

(গ) শ্রীচৈতন্যের কোষ্ঠীনাম কি রাখা হয়েছিল ? তাঁর নামকরণ অনুষ্ঠানে উপস্থিত পত্নিতাগণ কি নাম রেখেছিলেন ?

(ঘ) "মস্ত দাদুরী ডাকে ডাহুকী
ফাটি যাওত ছাতিয়া।"

পদটি কার রচিত ? 'দাদুরী' কী ?

৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৫×৩=১৫

(ক) সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো :

"সদাই ধেয়ানে চাহে মেঘপানে
না চলে নয়ান-তারা।
বিরতি আহারে রাজ্যবাস পরে
যেমত যোগিনী-পারা ॥"

(খ) সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো :

"লহু লহু হাসনি গদগদ ভাষণি
কত মন্দাকিনী নয়নে ঝরে।
নিজ-রসে নাচত নয়নে ঢুলায়ত
গাওত কত কত ভকতহি মেলি ॥"

(গ)

"কর-যুগে নয়ন মুদি চলু ডামিনী
তিমির-পয়ানক আশে।
কর-কঙ্কণ পণ ফণিমুখ-বন্ধন
শিখই ভুজগ-গুরু-পাশে ॥"

কৃষ্ণাভিসারের জন্য রাখার প্রস্তুতি নেবার যে ছবি এখানে ফুটে উঠেছে তা গুছিয়ে লেখো।

(ঘ)

"বিষ্ণুনেবেদ্যের যত বর্জ্য হাউগণ।
বসিলেন প্রভু হাঁড়ি করিয়া আসন ॥"

'চৈতন্যভাগবত' অবলম্বনে প্রাসঙ্গিক ঘটনার বিবরণ দাও।

(ঙ) সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো :

"হাসিয়া কহেন প্রভু আমি সে গোয়াল।
ব্রাহ্মণের অন্ন আমি খাই চিরকাল ॥"

- 8। প্রতিটি গুচ্ছ থেকে অন্তত একটি করে নিয়ে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও :

১০×৩=৩০

ক—গুচ্ছ

- (ক) 'চৈতন্যভাগবত' গ্রন্থের পাঠ্য অংশ অবলম্বনে শ্রীচৈতন্যের সমকালে নবদ্বীপের সামাজিক অবস্থার পরিচয় দাও।
- (খ) নিমাই ও লক্ষ্মীদেবীর বিবাহ পর্বটির বিবরণ দাও।
- (গ) 'চৈতন্যভাগবত' গ্রন্থের অষ্টম অধ্যায় অবলম্বনে নিত্যানন্দের বাল্যলীলার সম্বন্ধে যা জান, লেখো।

খ—গুচ্ছ

- (ক) তোমার পঠিত পদ অবলম্বনে 'বৈষ্ণব পদাবলী'র অভিসার পর্যায়ে গোবিন্দদাসের কৃতিত্ব বিচার করো।
- (খ) মাথুর কাকে বলে? তোমার পঠিত পদসমূহ থেকে উদাহরণ দিয়ে মাথুর শীর্ষক পদের ভাবসৌন্দর্য বিষয়ে লেখো।
- (গ) পূর্বরাগ কাকে বলে? পূর্বরাগ কত প্রকার ও কী কী? তোমার পঠিত 'বৈষ্ণব পদাবলী' গ্রন্থ থেকে উপযুক্ত উদাহরণ দিয়ে বিভিন্ন প্রকার পূর্বরাগের পরিচয় দাও।
